

নির্দিষ্ট স্কুল ড্রেস ছাড়া শ্রেণিকক্ষে আসা হবিগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের এক ছাত্রীকে শাস্তি দেওয়ার অভিযোগে মৌসুমী রায় নামে এক শিক্ষিকাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। একই সঙ্গে ছাত্রীটিকে শিক্ষিকার এমন শাস্তি দেওয়ার ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার করা থেকে বিরত থাকতে সবাইকে অনুরোধ জানিয়েছে প্রশাসন।

সোমবার (১ আগস্ট) সকালে হবিগঞ্জের জেলা প্রশাসকের কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে। জেলা প্রশাসনের ফেসবুক পেজে এ সংক্রান্ত একটি বার্তায় বলা হয়, ছাত্রীকে লাঞ্ছিত করার খবরের গুরুত্ব বিবেচনায় হবিগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রোকেয়া খানমকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। এরই মধ্যে অভিযুক্ত শিক্ষিকা মৌসুমী রায়কে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এজন্য একটি তদন্ত কর্মসূচি গঠন হয়েছে। যেহেতু আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে, তাই সংবেদনশীল এ বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে কোনো বক্তব্য দেওয়া থেকে বিরত থাকার জন্য বার্তায় অনুরোধও করা হয়েছে।

শনিবার (৩০ জুলাই) বিদ্যালয়ের অষ্টম শ্রেণির একজন ছাত্রী নির্দিষ্ট স্কুল ড্রেস ছাড়া শ্রেণীকক্ষে যায়। সে সময় সহকারী শিক্ষিকা মৌসুমী রায় মেয়েটির মৌলিক অধিকার খর্ব হয় এমন শাস্তি দেন। পরে মেয়েটির পরিবার বিষয়টি প্রধান শিক্ষককে জানালে তিনি এ বিষয়ে ব্যবস্থা নেন।